



কৃষি সমৃদ্ধি
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
Bangladesh Rice Research Institute, Gazipur
Phone: PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, Fax: 880-2-49272000
E-mail: dg@bri.gov.bd; brihq@yahoo.com; Website: www.bri.gov.bd; www.knowledgebank-brii.org

বিশেষ বুলেটিন


ধানে তাপপ্রবাহের (হিটওয়েভ) আগাম সতর্কবার্তা

আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী আগামী কয়েকদিন (২০-২৫ এপ্রিল, ২০২৩) সারা দেশের বেশিরভাগ এলাকায় মাঝারি থেকে তীব্র তাপপ্রবাহ বিরাজ করতে পারে

বেশী ঝুঁকিপূর্ণ এলাকাঃ রাজশাহী, খুলনা, বরিশাল এবং ঢাকা বিভাগ

Heat Wave Thresholds (°C)

● Mild [0-38 °C] ● Moderate [38-40 °C] ● Severe [40-42 °C] ● Very Severe [42 °C ++]



ধানের ফুল ফোঁটা ও পরাগায়নের সময় ধানের যে শীষগুলোয় ফুল ফুটতে থাকে, তা খুবই অ্যাকটিভ অবস্থায় থাকে। এ অবস্থায় ধানের শীষকে তপ্ত হাওয়ার (লু হাওয়া) ক্ষতি থেকে রক্ষার জন্য গাছ প্রচুর পরিমাণে পানি প্রস্বেদন প্রক্রিয়ায় বের করে দেয়। এ প্রস্বেদন অনেকটা গাছের শারীরবৃত্তীয় প্রক্রিয়ার কুলিং সিস্টেমের ন্যায় কাজ করে। কাজেই এ সময় তীব্র তাপদাহের হিট শকের ক্ষতি থেকে ধান রক্ষার উপায় হচ্ছে বোরো ধানের জমিতে পর্যাপ্ত পানি ধরে রাখতে হবে এবং ধানের শীষে দানা শক্ত না হওয়া পর্যন্ত জমিতে অবশ্যই ২-৩ ইঞ্চি দাঁড়ানো পানি রাখতে হবে।

ধানের পরিপক্ব পর্যায়ে উচ্চ তাপমাত্রা (>৩৫ ডিগ্রি সেলসিয়াস) দানা গঠন প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করে বিধায় অর্ধপুষ্ট দানার সংখ্যা বৃদ্ধি পায়, যা ধানের ফলন ও গুণগত মানের উপর নেতিবাচক প্রভাব ফেলে।

তথ্যসূত্রঃ বিএমডি এবং রাইমস

বিশেষ বুলেটিন তৈরিতে
এগ্রোমেট ল্যাব, ব্রি